

৪৫

**ক্যাম্পাসের ঘটনার  
প্রতিবাদে মিছিল  
সমাবেশ**

গত রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুইটি ছাত্র সংগঠনের মধ্যে মশস্ত্র সংঘর্ষে ছাত্রদলের ২ জন কর্মী নিহত হওয়ার ঘটনার প্রতিবাদে গত সোমবার দেশের বিভিন্ন স্থানে মিছিল, সমাবেশ ও শোক-সভার আয়োজন করা হয়।

চট্টগ্রাম অফিস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘটনায় নিহত ছাত্রদল নেতা মীর্জা গালিবুর রহমান ও লিটনের স্মরণে জাতীয়তাবাদী ছাত্রদল চট্টগ্রাম মহানগরী, বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম দক্ষিণ জেলা শাখার উদ্যোগে গত সোমবার পৃথক পৃথক শোক-  
(৭ম পৃ: ডঃ)

**ক্যাম্পাসের ঘটনা  
(৩য় পৃ: পর)**

সভা, প্রতিবাদ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়। ছাত্রদল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে চাকসু ভবনের সম্মুখে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন শাখা সভাপতি, ইফতেখার হোসেন চৌধুরী। সমাবেশে বক্তারা অবিলম্বে ডাঃ মিলনের হত্যাকারীসহ মীর্জা ও লিটনের হত্যাকারীদের গ্রেফতারের দাবী জানায়। মঈনুল

আহসান, আয়ুব চৌধুরী, মফজল আহমদ জসীমউদ্দিন প্রমুখ সমাবেশে বক্তব্য রাখেন। ছাত্রদল চট্টগ্রাম মহানগরী শাখার উদ্যোগে নালি-মন ভবনস্থ দলীয় কার্যালয়ে আবু সুফিয়ানের সভাপতিত্বে শোক সভা অনুষ্ঠিত হয়। সভায় তৈমুর আহমদ, মাহবুবের রহমান শামীম, মনজুর রহমান চৌধুরী, মাহফুজুল হক চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন।

চট্টগ্রাম দক্ষিণ জেলা ছাত্রদলের এক প্রতিবাদ সমাবেশ দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অন্যদের মধ্যে ফোজুল আমিন

চৌধুরী শাখাওয়াত জামাল দুলাল, আবু বকর সিদ্দিকী, মঞ্জুর উদ্দিন চৌধুরী, প্রমুখ সমাবেশে বক্তব্য রাখেন। ছাত্রদল পাঁচলাইশ থানা শাখার উদ্যোগে ঘোলশহর ২নং গেটে এক প্রতিবাদ সমাবেশ

অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন আজিজউদ্দিন মিলন। চট্টগ্রাম দক্ষিণ জেলা বি-এনপির নেতৃবৃন্দ এক বিবৃতিতে ছাত্রদল নেতা মীর্জা ও লিটন হত্যার প্রতিবাদ জানাইয়াছেন।

নওগাঁ সংবাদদাতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২ জনের নিহত হওয়ার ঘটনার প্রতিবাদে গত সোমবার স্থানীয় ছাত্রদলের উদ্যোগে লিটন ব্রীজে গণ-জমায়েত অনুষ্ঠিত হয়। আমিনুল হক বেলানের সভাপতিত্বে বক্তারা দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেন। সভাশেষে একটি প্রতিবাদ মিছিল শহর প্রদক্ষিণ করে।

খিনাইদহ সংবাদদাতা জানান, জাতীয়তাবাদী ছাত্রদল গত সোমবার এখানে ছাত্রদলের দুই নেতার হত্যার প্রতিবাদে মিছিল করে এবং হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তির দাবী জানায়। মিছিল শেষে জেলা ছাত্রদল সভাপতি আব্দুল মজিদের সভাপতিত্বে একটি পথসভা হয়।

ফরিদপুর সংবাদদাতার ফোন : গত সোমবার ফরিদপুর শহরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্রদল ও ছাত্রলীগ (আ-অ) পৃথক পৃথক প্রতিবাদ সভার আয়োজন করে। ছাত্রদলের সভায় সাল্লাউদ্দিন শরীফ জয়েল এবং ছাত্র লীগের সভায় হাবিব রহমান হাবিব সভাপতিত্ব করেন। উভয় সভায় বক্তাগণ হত্যাকাণ্ডের জন্য একে অপরের দলকে দায়ী করিয়া হত্যাকারীদের বিচার দাবী করেন।

পাবনা সংবাদদাতার ফোন : ঢাকা বিশ্ববিদ্যালয় ঘটনার প্রতিবাদে সোমবার সন্ধ্যায় শহরে জাতীয়তাবাদী ছাত্রদল এবং ছাত্র লীগ (আ-অ) পৃথক পৃথকভাবে মিছিল বাহির করে। মিছিল দুইটি শহর প্রদক্ষিণ করে।